



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
dshe.gov.bd

তাগিদ পত্র

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৩.৪৯.০০০১.১৯.১৬

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
২১ মে ২০২৬

বিষয়: মাউশি অধিদপ্তরের আওতাধীন "অফিসসমূহ আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা" এবং "সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ)" এর ওয়েবসাইট হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০০.০০০০.০০০.০২৩.৩৭.০০০১.১৮.১০; তারিখ ১৫ মার্চ ২০২৬ খ্রি: এবং
৩৭.০২.০০০০.১০১.০৬.০০৩.২০২৬-৩৬৪; তারিখ ০৭ মে ২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জাতীয় তথ্য বাতায়নে অত্র অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের অনেক অফিসের জন্য ওয়েবসাইট তৈরি করা হয়েছে। এতদবিষয়ে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন "অফিসসমূহে আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা এবং অধিনস্ত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে" জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) -এর অধীন ওয়েব সাইট চালু আছে তাদের প্রয়োজনীয় তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে না। এছাড়া, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) ওয়েবসাইট তৈরি/হালনাগাদকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক, অফিসসমূহের ওয়েবসাইটের বর্ণিত কন্টেন্টসমূহ (কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বর, টেলিফোন নম্বর, ছবি, দাপ্তরিক ই-মেইল, নোটিশ বোর্ড, সর্বশেষ খবর, মেনুসমূহ, অফিস আদেশ/প্রজ্ঞাপন, নীতিমালা, বিভিন্ন ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য এবং সেবাবক্সসমূহ যেমন: সরকারি কর্ম সম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/GPMS, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কৌশল, নীতিমালা ও প্রকাশনা, নাগরিক ই-সেবাসমূহ ইত্যাদি) জরুরীভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন।

এমতাবস্থায়, আগামী ০৫ জুলাই ২০২৬ খ্রি: তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহ "আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা" এবং "সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ)" এর নিজস্ব ওয়েবসাইট তৈরি/হালনাগাদ করে নিম্নবর্ণিত গুণলক্ষ্য লিংকে তথ্য প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

লিংকের ঠিকানা - <https://forms.gle/RbTAqoNqi3FVdg5u7>

সংযুক্তি:

(১) ওয়েবসাইট হালনাগাদকরণ পত্রসমূহ

২৮-০৬-২০২৬
প্রফেসর মোঃ নাজমুল হক
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়।
- ২। আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৩.৪৯.০০০১.১৯.১৬/১ (১০)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
২১ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৪। উপ-পরিচালক (স্কুল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৫। উপপরিচালক, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৬। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)।
- ৭। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৮। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)।
- ৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
- ১০। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।



স্বাক্ষর

২৮-০৬-২০২৬

মোঃ হুমায়ুন কবীর

সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)